

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টমস হাউস, চট্টগ্রাম।

নিলাম শাখা

প্রকাশ্য নিলাম নং-০৫/২০২৬ এর বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো হচ্ছে যে, কমিশনার, কাস্টমস হাউস চট্টগ্রাম এর নির্দেশক্রমে কাস্টমস অকশন শেডে আগামী ১৫.০৪.২০২৬ খ্রিঃ তারিখ বেলা ০৩.০০ ঘটিকায় লট নম্বর- OBPC-1/07/2026, বিএল নং-ONEYP SQF01579700, Rot. No. 2025/5184, Container No. ONEU-9334155 X 40; TLLU-1122606 X 40 ভুক্ত পণ্য 5000 Ct Frozen Round Herring Fish, Net. Wt. 50,000.00 Kgs এবং সংরক্ষিত মূল্য ৭৪,৯৩,৮৪৪.৮৫ (চুয়াত্তর লক্ষ তিরানব্বই হাজার আটশত চুয়াল্লিশ দশমিক আট পাঁচ) টাকা এর প্রকাশ্য নিলাম অনুষ্ঠিত হবে। আগ্রহী ক্রেতাগণ পণ্যচালান আগামী ১৩.০৪.২০২৬ খ্রিঃ তারিখ বেলা ১১.০০ ঘটিকায় সরেজমিনে পরিদর্শন করতে পারবেন। নিলামে অংশগ্রহণকারী সর্বোচ্চ ডাককারী সর্বোচ্চ ডাকমূল্যের জামানতস্বরূপ ডাকমূল্যের ২০% ই-পেমেন্ট/এ চালান/ট্রেজারি চালান/পে-অর্ডারের মাধ্যমে নিলাম কর্তৃপক্ষের নিকট তৎক্ষণাত জমা প্রদান করতে হবে। নিলামের অনুমোদিত সর্বোচ্চ ডাকমূল্যের উপর সরকার কর্তৃক নির্ধারিত ১০% হারে আয়কর ও ১৫% হারে ভ্যাটসহ ডাকমূল্যের অবশিষ্ট অর্থ পরিশোধপূর্বক ডাককারীকে দ্রুততম সময়ের মধ্যে পণ্য খালাস গ্রহণ করতে হবে। উল্লেখ্য যে, সর্বোচ্চ ডাককারী কর্তৃক আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪ এর শর্ত প্রতিপালন সাপেক্ষে পণ্যচালানটি খালাসযোগ্য।

আদেশক্রমে

কমিশনার অব কাস্টমস,  
কাস্টমস হাউস, চট্টগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টমস হাউস, চট্টগ্রাম  
নিলাম শাখা

Website: www.chc.gov.bd / E-mail: customhousectg@gmail.com

নথি নং-৫/কা.হা.চট্ট/স্পেশাল প্রোগ্রাম/ইনভেন্ট্রি/৩৪/নিলাম শাখা/২৬/১৪১৫ তারিখ: ০২/৪/১৫

বিষয়: লট নং-ওবিপিসি-১/০৭/২০২৬ ভুক্ত পণ্যচালানটির নিলামযোগ্য পণ্যের প্রকাশ্য নিলাম নং-০৫/২০২৬ আয়োজন এবং ব্যাপক প্রচারণা/মাইকিংকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

- ২। লট নং-OBPC-1/07/2026, বিএল নং-ONEYP5QF01579700, Rot. No. 2025/5184, Container No. ONEU-9334155 X 40; TLLU-1122606 X 40 ভুক্ত পণ্য 5000 Ct Frozen Round Herring Fish, Net. Wt. 50,000.00 Kgs এর প্রকাশ্য নিলাম নং-০৫/২০২৬ আগামী ১৫/০৪/২০২৬ খ্রি. তারিখ বেলা ১১.০০ ঘটিকায় সময় নির্ধারণ করা হয়েছে। উক্ত পণ্যচালানটির সংরক্ষিত মূল্য ৭৪,৯৩,৮৪৪.৮৫ (চুয়াত্তর লক্ষ তিরানব্বই হাজার আটশত চুয়াল্লিশ দশমিক আট পাঁচ) টাকা। প্রকাশ্য নিলাম সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণ এবং বিডার/ফ্রেতাগণ যাতে উক্ত প্রকাশ্য নিলামে সঠিক সময়ে অংশগ্রহণ করতে পারে সে লক্ষ্যে ব্যাপক প্রচারণার জন্য নিলাম অনুষ্ঠানের পূর্বে আগামী ১২/০৪/২০২৬ খ্রি. তারিখে কমপক্ষে ০২ (দুই) কিলোমিটার পর্যন্ত চতুর্দিকে এবং নিকটবর্তী স্থানে বিশেষ করে উক্ত পণ্যের বাজার এলাকায় মাইকিং এর ব্যবস্থা করার জন্য বলা হলো। একইসাথে প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি ও ক্যাটালগ কাস্টমস হাউস, চট্টগ্রামের নোটিশ বোর্ড ও নিলাম শাখার নোটিশ বোর্ডে প্রচারের ব্যবস্থাসহ আগামী ১৫/০৪/২০২৬ খ্রি. তারিখ বেলা ১১.০০ ঘটিকায় প্রকাশ্য নিলাম আয়োজন করার জন্য বলা হলো।

প্রাপক: মেসার্স কে এম কর্পোরেশন  
৩০৬, স্ট্যান্ড রোড, মাঝির ঘাট,  
চট্টগ্রাম

(নিখিল চন্দ্র মন্ডল)  
রাজস্ব কর্মকর্তা (চ.দা.)  
অ্যাসিস্ট্যান্ট কমিশনার এর পক্ষে  
কাস্টমস হাউস, চট্টগ্রাম।

নথি নং-৫/কা.হা.চট্ট/স্পেশাল প্রোগ্রাম/ইনভেন্ট্রি/৩৪/নিলাম শাখা/২৬/১৪১৫ (১) তারিখ: ০২/৪/১৫

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

- ০১। প্রোগ্রামার, কাস্টমস হাউস, চট্টগ্রাম (জারিকৃত পত্রটি কাস্টমস হাউস, চট্টগ্রামের ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ০২। পিএ টু কমিশনার, কাস্টমস হাউস, চট্টগ্রাম (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৩। উপ-পুলিশ কমিশনার (বন্দর), চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ, চট্টগ্রাম।
- ০৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি), চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ, বন্দর থানা, চট্টগ্রাম (আগামী ১৫/০৪/২০২৬ খ্রি. তারিখে বর্ণিত পণ্যচালানের প্রকাশ্য নিলামে সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার জন্য ০৬ (ছয়) জন পুলিশ সদস্যকে দুপুর ১.৩০ ঘটিকা হতে বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত অকশন শেডে মোতায়েন করার জন্য অনুরোধ করা হলো)।
- ০৫। আনসার প্রাটুন কমান্ডার, কাস্টমস হাউস, চট্টগ্রাম (আগামী ১৫/০৪/২০২৬ খ্রি. তারিখে বর্ণিত পণ্যচালানের প্রকাশ্য নিলামে সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার জন্য ০৬ (ছয়) জন আনসার সদস্যকে দুপুর ১.৩০ ঘটিকা হতে বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত অকশন শেডে মোতায়েন করার জন্য অনুরোধ করা হলো)।
- ০৬। অফিস কপি।

০/০

(নিখিল চন্দ্র মন্ডল)  
রাজস্ব কর্মকর্তা (চ.দা.)